উপজেলা আইন -শৃংখলা কমিটির আগষ্ট/২০১৯ মাসের সভার কার্য-বিবরণীঃ

তারিখ : ২৮/৮/২০১৯ খ্রিঃ
সময় : সকাল-১১:০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভাপতি : মোঃ আব্দুল হালিম
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া, পাবনা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা "পরিশিষ্ট-ক" তে সংযুক্ত।

**সভার শুরুতে উপস্থিত সাঁথিয়া উপজেলা** আইনশৃংখলা কমিটির সম্মানিত উপদেষ্টা,চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যান ও উপজেলা আইন-শৃংখলা কমিটির সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানান হয়। তিনি সাঁথিয়া উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্থিতিশীল ও স্বাভাবিক থাকায় সকলকে ধন্যবাদ জানান। তিনি গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে আইন-শৃঙ্খলা কাজে নিয়োজিত থানার অফিসার-ইন-চার্জসহ সংশ্লিষ্টগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

জুলাই ২০১৯ ঃ **অপরাধ চিত্রের তুলনা মুলক বিবরণীঃ**

| নারী,শিশু নির্যাতন ও অন্যান্য | নারী ,শিশু নিযাতন, ধর্ষন | সড়ক দুর্ঘটনা | খুন | মাদক | দস্যুতা | পুলিশ আক্রান্ত | সিধেল চুরি | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| - | - | - | ০২ | ১৪ | - | - | - | ০৯ | ২৫ |

**জুলাই ২০১৯**

| নারী,শিশু নিযাতন ও অন্যান্য | নারী ,শিশু নিযাতন, ধর্ষন | সড়ক দুর্ঘটনা | খুন | মাদক | দস্যুতা | পুলিশ আক্রান্ত | সিধেল চুরি | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| - | - | - | - | ২৫ | - | - | - | ১০ | ৩৫ |

২.০ বিগত সভার কার্য বিবরণী অনুমোদন ঃ

জুলাই/২০১৯ মাসের সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১। | **মোবাইল কোর্ট** : আগষ্ট ২০১৯ মাসে উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া ,পাবনা সভায় জানান যে, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) ধারায় মোবাইল কোর্ট পরিচালনা করে ০২ জনকে ০৩ মাসের বিনাশ্রম কারাদন্ড ও ২০০.০০ টাকার জরিমানা অনাদয়ে আরো ০৫ দিনের কারাদন্ড প্রদান করা হয়। জনস্বার্থে মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়। সভাপতি সভায় জানান যে, ভেজাল বিরোধী অভিযান সামনে জোড়দার করা হবে। গ্যাস, পেট্রোল যেখানে সেখানে বিক্রয় নিষেধ। তথ্য দিবেন। শক্ত হাতে দমন করব। | জনস্বার্থে সরকারি বিধি মোতাবেক খাদ্য, ফল, দুধ ও আনুষঙ্গিক বিষয়ে বেশী বেশী মোবাইল কোর্ট পরিচালনার পুনঃ সিদ্ধান্ত গৃহিত হয়। | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, সাঁথিয়া, ওসি সাঁথিয়া থানা/ আতাইকুলা থানাএবং সংশ্লিষ্ট সকল |
| ০২। | **বাল্য বিবাহ নিরোধ** : সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভায় জানান হয় যে, প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে বাল্য বিবাহ নিরোধ কমিটি গঠন করা হয়েছে। চেয়ারম্যানগণ, ইউপি জন্ম নিবন্ধন সঠিক ভাবে করে থাকে। সাঁথিয়া উপজেলায় প্রায় দেখা যায় রোটারী পাবলিক এর মাধ্যমে বয়স বাড়িয়ে দিচ্ছে। এটা বৈধ নয়। ম্যাজিস্ট্রেট/ বিচারক এভিডেটিভট করতে পারবে। এ্যাডভোকেট অনিয়ম করছে। জনাব মোঃ হাসান আলী , মাননীয় সংসদ সদস্য-৬৮, পাবনা-১, মহোদয়ের প্রতিণিধি সভায় জানান যে, প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বাল্য বিবাহ রোধে অভিভাবক সমাবেশ ছাত্র-ছাত্রীদের সচেতনা বৃদ্ধিকরণ কমূসূচি গ্রহনে আহ্বান জানান। | প্রত্যেক ইউনিয়ন পরিষদে কাজী অফিস স্থানান্তরের সিদ্ধান্ত পুণঃ গৃহিত হয়।<br>বাল্য বিবাহ নিরোধে চেয়ারম্যানসহ কাজীদের নিয়ে সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান সকল, কাজী সকল এবং সংশ্লিষ্ট সকল। |
| ০৩। | **জঙ্গী ও সন্ত্রাস দমন**: সভায় উপস্থিত সকলকে সু-স্বাগত জানিয়ে জানান হয় যে, সাঁথিয়ায় কোন | চেয়ারম্যানগণ বাড়ী ভাড়া | মেয়র, সাঁথিয়া |

| | | | |
|---|---|---|---|
| | জঙ্গী ও সন্ত্রাস নেই। শাহীন এর বিরুদ্ধে ০৬ টি মামলা ছিল। মারা গেছে। চাঁদাবাজ কানা আব্দুল্লাহ ০৬টি মার্ডার কেস সহ মোট ১৩ টি মামলা ছিল। ক্রস ফায়ার হয়েছে। অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, কুষ্টিয়া থেকে সন্ত্রাসী এসে সন্ত্রাসী কাজ চালায়। চেয়ারম্যানগণ, ইউপি, সাঁথিয়া, পাবনাকে সতর্ক থাকার পরামর্শ দেন। বিশেষ করে চেয়ারম্যান, গৌরিগ্রাম ইউনিয়ন পরিষদ কে সতর্ক থাকার পরামর্শ দেন। জনাব মোঃ মানিক মিয়া রানা , সাংবাদিক সভায় জানান যে, সন্ত্রাসীদের কোন স্থান নেই এবং যারা সন্ত্রাসী লালন করে তাদের বিরুদ্ধে অভিযান চালাতে অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা/ আতাইকুলা থানা, পাবনাকে আহ্বান জানান। | ফরম সংশ্লিষ্ট ইউপি সাধারণ আসনের সদস্য/সংরক্ষিত আসনের সদস্যদের দ্বারা পূরণপূর্বক ভাড়াটিয়াদের বিস্তারিত তথ্য/উপাত্ত সংরক্ষণ করবেন এবং আইন-শৃঙ্খলা কাজে নিয়োজিতদেরকে প্রদানের পুণঃ সিদ্ধান্ত গৃহিত হয়। নতুন আগত লোকদের বিশেষ নজরদারীতে রাখার আইন-শৃঙ্খলা বাহিনীকে পুনঃ নির্দেশনা প্রদান করা হয়। | পৌর সভা, চেয়ারম্যান সকল ইউপি, সভাপতি, হাটবাজার ব্যবস্থাপনা কমিটি সকল, ওসি সাঁথিয়া থানা / আতাইকুলা থানা। |
| ০৪। | **চুরি ডাকাতি :** সভায় উপস্থিত সকলকে সু-স্বাগত জানিয়ে জানান হয় যে, ঈদ-উল-আযহা ২০১৯ এ কোন চুরি/ডাকাতির ঘটনা ঘটেনি। চেয়ারম্যান, নাগডেমরা ইউপি সভায় জানান যে, গরু চুরি হওয়ায় নিঃস্ব সংশ্লিষ্টরা। জনাব মোঃ মানিক মিয়া রানা , সাংবাদিক সভায় জানান যে, গরু চোরের উপদ্রপ রয়েছে। সংশ্লিষ্ট গরু চোর চিহ্নিত করে আইনি আওতায় আনার জন্য আহ্বান জানান। জনাব মোঃ মোজাম্মেল হক খান, সভায় জানান যে, ঈদ-উল-আযহায় নির্বিঘ্নে ঈদ করতে পারায় আইন-শৃঙ্খলা বাহিনীসহ সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। | জনগণের নিরাপত্তার জন্য ইউপি চেয়ারম্যানগণ গ্রাম পুলিশের পাহাড়া নিযুক্ত করে আইন-শৃঙ্খলা বাহিনীর সাথে সামঞ্জস্যপূর্ণ রাখার পাশাপাশি গরু/মহিষ চুরি করে কৃষককে চরম ক্ষতিগ্রস্থ হতে না হয় সেজন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে নিবিড় ভাবে কাজ করার পুণঃ নির্দেশনা প্রদান করা হয়। বাজর/হাটের ডিউটিদের আইডি কার্ড করে তালিকাবদ্ধ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | মেয়র, সাঁথিয়া পৌর সভা, চেয়ারম্যান সকল, ওসি সাঁথিয়া থানা/ আতাইকুলা থানা |
| ০৫। | **মাদক দ্রব্য সংক্রান্ত :** সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভায় জানান হয় যে, মাদকের বিরুদ্ধে অভিযান চলছে। তবুও কোথায় কোথায়ও মাদক চলছে। মাদক উৎপাদককে ধরতে হবে। মাদক নিয়ন্ত্রক অধিদপ্তর কাজ করছে। অভিনব কায়দায় মাদক বিক্রয় করছেন। জনাব মোঃ হাসান আলী, মাননীয় সংসদ সদস্য-৬৮,পাবনা-১ এর প্রতিনিধি সভায় জানান যে, মাদকের মূল ব্যবসায়ীকে ধরার আহ্বান। জনাব মোঃ মানিক মিয়া রানা , সাংবাদিক সভায় জানান যে, মাদকের মূল আসামী সনাক্ত করে আইনি আওতায় আনার আহ্বান। অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, মাদকের ব্যাপারে কোন ছাড় নেই। মাদকের শাস্তি শুরু হয়েছে। সাঁথিয়া উপজেলায় মাদক মুক্ত করব। ৫/৬ জন মাদক ব্যবসায়ীকে মাদক বিক্রয় বন্ধ করাতে পারলে সাঁথিয়ায় সহজে মাদক মুক্ত হবে। | ইউপি/ পৌর ওয়ার্ড ভিত্তিক ০৫ সদস্য বিশিষ্ট মাদক নিরাময় / প্রতিরোধ কমিটি গঠন এবং ইউনিয়ন মা,কত নিরাময় / প্রতিরোধ কমিটি গঠনের জন্য পুনরায় সিদ্ধান্ত গৃহিত হয়। ছিনতাই, গণধর্ষন, হত্যকান্ড বন্ধ করার নিমিত্ত ওসি সাঁথিয়া থানা / আতাইকুলা থানা, পাবনা কে গ্যাং দিয়ে সঠিক ইনফরমেশন মতে প্রকৃত দোষীকে ধরার পুনঃ সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান(সকল) ইউপি, আইন-শৃঙ্খলা বাহিনী/ অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা / আতাইকুলা থানা। |
| ০৬। | **যানজট :** সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে জানান যে, যানজট নিরসনে মেয়র, সাঁথিয়া পৌরসভা , সাঁথিয়া, পাবনা কে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। দৌলতপুর ব্রীজে যানজট এবং ব্রীজের উপর স্ট্যান্ড থাকতে পারে না। মেয়র, সাঁথিয়া পৌরসভা এর প্রতিণিধি সভায় জানান যে, দৌলতপুর ব্রীজের উপর, তিনমাথার মোড়ে পাইলট স্কুলের পাশে সিএনজি স্ট্যান্ড যানজট সৃষ্টি করে। সভায় মেয়র, সাঁথিয়া পৌরসভাকে ৫টি লাঠি দিয়ে ৫ জন লোক নিয়োগ করার আহ্বান জানান। চেয়ারম্যান, সাঁথিয়া উপজেলা পরিষদ সভায় জানান যে, চাঁদা আতায় হচ্ছে। বন্ধ করা হবে। সিএনজি চলাচলে সিন্ডিকেট হচ্ছে। সিএনজি চালকদের কাছ থেকে মেয়র, সাঁথিয়া পৌরসভার নামে চাঁদা আদায় হচ্ছে। মেয়র, সাঁথিয়া পৌর সভাও চায় পাইলট স্কুলের কাছ থেকে সিএনজি স্ট্যান্ড বন্ধ হোক এবং নতুন নির্মিত সিএনজি স্ট্যান্ড ব্যবহৃত হোক। চেয়ারম্যান, গৌরিগ্রাম ইউপি সভায় জানান যে, সিএনজি স্ট্যান্ড এর ব্যাপারে অচিরেই মিটিং ডেকে সমাধান করা দরকার। চেয়ারম্যান, নন্দনপুর ইউপি সভায় মাননীয় সংসদ সদস্য-৬৮,পাবনা-১ এর প্রতিণিধি এর কাছে অভিযোগ করে জানান যে, সাঁথিয়া পৌর এলাকায় চাঁদা ছাড়া সিএনজি চলতে দেয় না এবং পৌরসভার গাড়ীগুলোকে ইউনিয়ন পরিষদের রাস্তায় অনুরুপ চলতে দেয় না। বিষয়টি সমাধান করা দরকার। অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা , সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, আগামী ৩১ আগষ্ট সকাল ১১:০০ টায় যানজটমুক্ত করণে, সিএনটি চালকদের নির্ধারিত স্ট্যান্ড ব্যবহার এবং টোল আদায় সংক্রান্ত বিষয়ে সভা করার আহ্বান জানান। | তিন মাথা মোড়ে জেলা পরিষদের জায়গায় অবৈধ দখল মুক্ত করার নিমিত্ত উচ্ছেদ অভিযান পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।<br>যানজটমুক্ত করণে, সিএনটি চালকদের নির্ধারিত স্ট্যান্ড ব্যবহার এবং টোল আদায় সংক্রান্ত বিষয়ে সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | মেয়র, সাঁথিয়া পৌর সভা, আইন-শৃঙ্খলা বাহিনী , সহকারি কমিশনার(ভূমি), সংশ্লিষ্ট সকল<br><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেয়র, সাঁথিয়া পৌরসভা, ওসি, সাঁথিয়া থানা, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গসহ সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ০৭। | **বিবিধ (১)**<br>**এসএসসি/এইচএসসি / ডিগ্রি পরীক্ষা :** অধ্যক্ষ, সাঁথিয়া ডিগ্রী কলেজ, সাঁথিয়া, পাবনা সভায় জানান যে, পরীক্ষাগুলোতে পরীক্ষার্থী যাতে নির্বিঘ্নে চলাচল করে সুষ্ঠু ও সুন্দর নকলমুক্ত পরিবেশে পরীক্ষা দিতে পারে সেজন্য যানজট মুক্ত রাখার নিমিত্ত ওসি সাঁথিয়া থানা / আতাইকুলা থানাকে বিশেষ সতর্ক ব্যবস্থা নেয়ার জন্য পুনঃ অনুরোধ করেন। | | |
| | **(২) ইভটিজিং :** সভাপতি সভায় উপস্থিত সকলকে বিগত সময়ে সাঁথিয়ায় ইফটিজিং না হওয়ায় সংশ্লিষ্ট আইন-শৃঙ্খলা বাহিনীকে ধন্যবাদ জানান।<br><br>(৩) **ডেঙ্গু প্রতিরোধ** : প্রত্যেক স্কুল/ কলেজ, রাস্তা-ঘাট ও বাড়ীর আঙ্গিনাসহ আশে পাশে পরিস্কার পরিচ্ছন্ন রাখার পুণঃ নির্দেশনা প্রদান করা হয়। এডিস মশার নিধনে মেয়র, সাঁথিয়া পৌ র সভা ও চেয়ারম্যানগণ ইউপি মশা নিধনে ঔষধ ছিটানোর প্রতিশ্রুতি ব্যক্ত করা হয়। | | অফিসার-ইন-চার্জ, সাঁথিয়া থানা/ আতাইকুলা থানা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেয়র,সাঁথিয়া পৌরসভা, চেয়ারম্যানগণ , ইউপি সংশ্লিষ্ট সকল |

৮.০। অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আব্দুল হালিম)
সভাপতি
উপজেলা আইন-শৃংখলা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া, পাবনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
সাঁথিয়া, পাবনা।
www.santhia.pabna.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৭৬৭২.০০০.০৭.০০৫.১৯- ১০৫৭ (৪০) তারিখ- ২৮-৮-২০১৯ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। জনাব এ্যাড. শামসুল হক টুকু, মাননীয় সংসদ সদস্য -৬৮, পাবনা -১।
২। জেলা প্রশাসক, পাবনা।
৩। পুলিশ সুপার, পাবনা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া ,পাবনা ।
৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা।
৬। মেয়র, সাঁথিয়া পৌরসভা, সাঁথিয়া, পাবনা।
৭। উপজেলা ................................................ অফিসার, সাঁথিয়া, পাবনা।
৮। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সাঁথিয়া, পাবনা। ওয়েব পোর্টালে upload করার জন্য অনুরোধ করা হলো।
৮। চেয়ারম্যান,.---------------------- ইউনিয়ন পরিষদ, সাঁথিয়া,পাবনা।
৯। জনাব / বেগম-------------------------------------------

(মোঃ আব্দুল হালিম )
উপজেলা নির্বাহী অফিসার
সাঁথিয়া,পাবনা।
টেলিফোন নম্বরঃ ০৭৩২৭-৫৬১০১
ই-মেইলঃ. unosanthia@mopa.gov.bd